দৈনিক ইত্তেফাক

তারিখ ... 15 JUL 1997 ...
পৃষ্ঠা ১২ কলাম ৫

19

# বিজ্ঞান ও প্রযুক্তিমুখী শিক্ষানীতি চালু হইতেছে

.................. সৈয়দ আবুল হোসেন

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আলহাজ্ব সৈয়দ আবুল হোসেন বলেন, একবিংশ শতকের প্রেক্ষিতে দেশের চাহিদার প্রতি লক্ষ্য রাখিয়া একটি যুগোপযোগী বিজ্ঞান ও প্রযুক্তিমুখী শিক্ষানীতি চালু হইতেছে। আগামী দশ

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## বিজ্ঞান

( শেষ পৃঃ পর )

বছরের মধ্যে দেশকে নিরক্ষরতামুক্ত করাই সরকারের আশু লক্ষ্য।

গতকাল তিনি কিশোরগঞ্জ জেলার বাজিতপুরে অবস্থিত বাজিতপুর ডিগ্রী কলেজ প্রাঙ্গণে ছাত্র-শিক্ষক অভিভাবক ও সুধী সমাবেশে প্রধান অতিথির ভাষণদান প্রসংগে বলেন, শিক্ষা অর্থনৈতিক উন্নয়নের চাবিকাঠি। সদ্য ঘোষিত বাজেটে তাই শিক্ষার ওপর সর্বোচ্চ গুরুত্ব আরোপ করা হইয়াছে। সুষ্ঠু ও অনুকূল শিক্ষার পরিবেশ বজায় রাখার আহ্বান জানাইয়া আলহাজ্ব সৈয়দ আবুল হোসেন বলেন সন্ত্রাস ও শিক্ষা পাশাপাশি চলিতে পারে না।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সংসদ সদস্য শামসুল হক (গোলাপ মিয়া), সংসদ সদস্য সৈয়দ আশরাফুল ইসলাম, বাজিতপুর ডিগ্রী কলেজের অধ্যক্ষ এ এ এম তালিবুর রহমান, ছাত্রলীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অজয় কর খোকন এবং কলেজ ছাত্র সংসদের সহ-সভাপতি এরশাদুল ইসলাম স্বপন ও সাধারণ সম্পাদক মোঃ আসাদুজ্জামান রাহুল বক্তব্য রাখেন। —প্রেস বিজ্ঞপ্তি